

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

www.doict.nasirnagar.brahmanbaria.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.১২৯৪.০০০.৯৯.০০১.২১- ৩৮

তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রি.

বিষয়ঃ সচেতন নাগরিক কমিটি (সনাক) এর ওয়েবপোর্টাল পর্যবেক্ষণ প্রতিবেদন অনুসারে সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণ।

সূত্র স্মারক : সনাক-ব্রাহ্মণবাড়িয়া/বিবেক-২/২০২১/৩১

তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২১ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক), ব্রাহ্মণবাড়িয়া গত ০৫/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ০৯/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা এবং জেলাধীন ০৯ টি উপজেলায় বিদ্যমান সরকারি প্রতিষ্ঠানসমূহের ওয়েবপোর্টাল গুলোর বর্তমান অবস্থা পর্যবেক্ষণ কার্যক্রম সম্পন্ন করে একটি প্রতিবেদন তৈরি করে। এ প্রতিবেদনে দেখা যায় নাসিরনগরের বিভিন্ন সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল সম্পূর্ণরূপে হালনাগাদকৃত নয়। বিগত ০৫/১০/২০২০ খ্রি. তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া হতে ইস্যুকৃত পত্র দ্বারা সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদের নির্দেশনা প্রদান করা হয়। এবং পূর্বে উপজেলা প্রশাসন, নাসিরনগর কর্তৃক বিভিন্ন ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ওয়েবপোর্টাল হালনাগাদের নির্দেশনা প্রদান সত্ত্বেও অধিকাংশ দপ্তরের ওয়েবপোর্টাল সম্পূর্ণ হালনাগাদ নেই।

এমতাবস্থায়, সচেতন নাগরিক কমিটি (সনাক) এর প্রেরিত সংযুক্ত প্রতিবেদন অনুসারে সকল দপ্তরকে ওয়েবপোর্টাল হালনাগাদ এর জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

**সংযুক্তিঃ** নাসিরনগরের সরকারি অফিস সমূহের ওয়েবপোর্টাল পর্যবেক্ষণ প্রতিবেদন (০৪ ফর্দ)

দপ্তর প্রধান, উপজেলা ..... কর্মকর্তার কার্যালয়,  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।



(শুভেন্দু হালদার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

যোগাযোগঃ ০১৮৩৩-৪১৬৬৭৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

২। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩। সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), ব্রাহ্মণবাড়িয়া।

৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, ডিওআইসিটি, ব্রাহ্মণবাড়িয়া।

৫। অফিস কপি।